

প্যালেস্টাইন সফরে পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী এম.জে. আকবর
(নভেম্বর ০৮-০৯, ২০১৬)

পররাষ্ট্র প্রতিমন্ত্রী শ্রী এম.জে.আকবর প্যালেস্টাইন সফর করবেন, তিনি ০৮-০৯ নভেম্বর, ২০১৬ ভারত এবং প্যালেস্টাইন প্রথম যৌথ কমিশন বৈঠক (জেসিএম)-এর যুগ্ম-সভাপতিত্ব করবেন। প্যালেস্টাইনের তরফে যুগ্ম-সভাপতিত্ব করবেন প্যালেস্টাইনের বিদেশ প্রতিমন্ত্রী জনাব রিয়াদ আল-মালিকি। ভারত ও প্যালেস্টাইনের মধ্যে ঐতিহাসিক দ্বিপাক্ষিক সম্পর্ক বিদ্যমান। জানুয়ারি ২০১৬ তে পররাষ্ট্রমন্ত্রীর প্যালেস্টাইন সফরের সময়ে দু'দেশ দ্বিপাক্ষিক সম্পর্ক আরও এগিয়ে নিয়ে যাওয়ার লক্ষ্যে এই জেসিএম-এর বিষয়ে সহমত হয়।

অর্থনৈতিক, জ্বালানি, পর্যটন, কৃষি, জল ও পরিবেশ, শিক্ষা, স্বাস্থ্য, তথ্য-প্রযুক্তি, ক্রীড়া, সংস্কৃতি, সংবাদমাধ্যম ইত্যাদি ক্ষেত্র জেসিএম-এর আলোচনার অন্তর্ভুক্ত।

এছাড়াও পররাষ্ট্রমন্ত্রী নভেম্বর ১০, ২০১৬ তে আন্মান, জর্ডন সফর করবেন এবং তাঁর সমপদাধিকারী ও অন্যান্য গন্যমান্য ব্যক্তিবর্গের সঙ্গে দ্বিপাক্ষিক সম্পর্ক নিয়ে আলোচনা করবেন।

নয়াদিল্লি

অক্টোবর ১৩, ২০১৬